৭৪

দৈনিক সংবাদ

তারিখ 20 JUL 1995
পৃষ্ঠা ৪ কলাম ৪

## সরকারি কলেজের প্রসঙ্গে

আমাদের দেশে সরকারি কলেজগুলোতে শিক্ষার বর্তমান অবস্থা খুবই খারাপ। সরকারি কলেজে বছরে ৬ মাস বন্ধ থাকে। তার মধ্যেও রয়েছে প্রত্যেক বর্ষের সাময়িক পরীক্ষা এবং হরতাল। বন্ধ বাদে, বাকি সময়ে কলেজের শিক্ষকরা সিলেবাস সম্পূর্ণ শেষ করতে পারেন না। স্যারেরা আপ্রাণ চেষ্টা করেন সিলেবাস শেষ করার। কিন্তু সময়ের অভাবে তাদের আপ্রাণ চেষ্টা ব্যর্থ হয়। হয়ত দেখা যায় কলেজের ডিপার্টমেন্টগুলোতে শিক্ষকদেরও প্রচুর ঘাটতি রয়েছে। তাই অধিকাংশ গরিব ছাত্র-ছাত্রী ভাল ফল করতে পারে না। কারণ তাদের ৩/৪টি সাবজেক্টে প্রাইভেট পড়ার আর্থিক সঙ্গতি নেই। ক্লাসের পড়াই ভাল ফল করার গরিব শিক্ষার্থীদের একমাত্র অবলম্বন। বছরের অর্ধেকের বেশি সময় শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকলে ২০০০ সালের মধ্যে সবার জন্য শিক্ষা কার্যক্রম কতখানি বাস্তবায়ন সম্ভব? তাই শিক্ষামন্ত্রী সমীপে আমার বিনীত আবেদন দেশের সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে যেন লম্বা বন্ধ খাটো হয়ে যায়। এতে লেখাপড়ার মান কিছুটা হলেও বৃদ্ধি পাবে আশা করি।

শেলী চৌধুরী
দ্বাদশ বিজ্ঞান,
স্যার এ টি সরকারি কলেজ,
বোয়ালখালী, চট্টগ্রাম।